স্মারক নং:বিপিএইচসিডিএ/২৫/১২/৬০ তারিখ: ০৪/১২/২০২৫ ইং

# নীতিমালা

**বিষয়: বিপিএইচসিডিএ-এর বিভিন্ন কমিটি গঠন এবং নির্বাচন সংক্রান্ত নীতিমালা।**

সারা বাংলাদেশে অবস্থিত প্রাইভেট হসপিটাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার সমূহের মালিক ও প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণ, উন্নয়ন ও কল্যাণ নিশ্চিতকল্পে কাজ করার জন্য বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এসোসিয়েশন গঠিত হয়। বেসরকারী স্বাস্থ্য সেবা খাতের উন্নয়ন, সংগঠন ও সুরক্ষা নিশ্চিতকল্পে কাজ করাই হলো এ সংগঠনের প্রধান দায়িত্ব। এ লক্ষ্যে সংগঠনটিকে একটি সুশৃংখল, কল্যাণমূখী, গণতান্ত্রিক ও শক্তিশালী সংগঠন হিসেবে গড়ে তোলার জন্য তিন স্তরের কমিটি কাজ করছে।

**তিন স্তরের কমিটিগুলো হচ্ছে:**

১) কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি,
২) বিভাগীয় কমিটি, ও
৩) জেলা কমিটি।

এ কমিটিগুলো গঠন ও তদুদ্দেশ্য নির্বাচন অনুষ্ঠানের জন্য একটি সমন্বিত নীমিমালা অনুসরণ করা বাঞ্চনীয়। নিম্নে প্রতিটি কমিটির গঠন ও কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের নীতিমালা সন্নিবেশ করা হলো:

## ১। কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি:

**ক)** কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির কাঠামো:

১৬-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভা-২০২৫-এ অনুমোদিত সংঘ বিধি সংশোধনী অনুযায়ী কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নিম্নোক্তভাবে ২৫ সদস্য বিশিষ্ট হবে:

| | | |
|---|---|---|
| ১) সভাপতি | - | ১ জন |
| ২) সিনিয়র সহ-সভাপতি | - | ১ জন |
| ৩) সহ-সভাপতি | - | ৮ জন (প্রতিটি বিভাগ থেকে ১জন করে, ভবিষ্যতে নতুন বিভাগ সৃজিত হলে নতুন বিভাগ থেকেও সহ-সভাপতি যুক্ত হবে) |
| ৪) মহাসচিব | - | ১ জন |
| ৫) যুগ্ম-মহাসচিব | - | ১ জন |
| ৬) কোষাধ্যক্ষ | - | ১ জন |
| ৭) সাংগঠনিক সম্পাদক | - | ১ জন |
| ৮) দপ্তর সম্পাদক | - | ১ জন |
| ৯) সমাজ কল্যাণ সম্পাদক | - | ১ জন |
| ১০) আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | - | ১ জন |
| ১১) প্রচার ও প্রকাশনা সম্পাদক | - | ১ জন |
| ১২) সদস্য | - | ০৭ জন |

চলমান পাতা/২

**খ। কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধি:**

১) এসোসিয়েশনের সংঘ বিধির ৩১ ধারার বিধান অনুসারে বিদ্যমান কার্যর্নিবাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার অন্তত: ৯০ দিন পূর্বে বিদ্যমান কার্যনির্বাহী কমিটি পরবর্তী কার্যনির্বাহী কমিটি গঠনের লক্ষ্যে একটি ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন বোর্ড ও ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন আপীল বোর্ড গঠন করবেন।
তবে শর্ত থাকে যে, নির্বাচন বোর্ডে বা নির্বাচন আপীল বোর্ডে কার্যনির্বাহী কমিটির কোন সদস্য বা কোন নির্বাচনী প্রার্থী বা প্রার্থীর মনোনয়নকারী বা সমর্থনকারী অন্তর্ভূক্ত হতে পারবেন না।

২) নির্বাচন বোর্ড ও আপীল বোর্ড সংগঠনের সংঘ বিধির নির্বাচন সংক্রান্ত বিধানাবলী অনুসারে নির্বাচন পাচািলনা ও প্রয়োজনীয় অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ করবেন।

৩) কেবলমাত্র বিপিএইচসিডিএ'র বৈধ সদস্যগণই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন এবং ভোট প্রদান করতে পারবেন।

৪) নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ফি পরিশোধ করে নির্বাচনে অংশ গ্রহনেরর জন্য মনোনয়ন ফরম ক্রয় ও দাখিল করতে হবে। মনোনয়ন ফি বিপিএইচসিডিএ-এর কেন্দ্রীয় ব্যাংক একাউন্টে জমা দিতে হবে।

৫) এসোসিয়েশনের বার্ষিক সাধারন সভায় গোপন ব্যালটের মাধ্যমে কার্যনির্বাহী কমিটির ২৫ (পঁচিশ) সদস্য নির্বাচিত হবেন।

৬) নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ফলাফলের বিরুদ্ধে যদি কেহ নির্বাচন আপীল বোর্ডের নিকট আপীল করে তবে নির্বাচন আপীল বোর্ডের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭) নির্বাচন বোর্ড বা নির্বাচন আপীল বোর্ড কর্তৃক ঘোষিত ফলফলের ভিত্তিতে গঠিত কমিটিই নতুন কার্যনির্বাহী কমিটি হিসাবে বৈধতা লাভ করবে এবং পূর্ববর্তী কমিটি যথাসময়ের মধ্যে নতুন কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করতে বাধ্য থাকবে।

**২) বিপিএইচসিডিএ-এর বিভাগীয় কমিটি:**

**ক) বিভাগীয় কমিটির কাঠামো নিম্নরূপ:**

১৬-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভা-২০২৫-এ অনুমোদিত সংঘ বিধি সংশোধনী অনুযায়ী বিভাগীয় কমিটি নিম্নোক্তভাবে ২১ সদস্য বিশিষ্ট হবে:

| | | |
|---|---|---|
| ১) সভাপতি | - | ১ জন |
| ২) সিনিয়র সহ-সভাপতি | - | ১ জন |
| ৩) সহ-সভাপতি | - | ৩ জন |
| ৪) সাধারন সম্পাদক | - | ১ জন |
| ৫) যুগ্ম-সাধারন সম্পাদক | - | ১ জন |
| ৬) কোষাধ্যক্ষ | - | ১ জন |
| ৭) সাংগঠনিক সম্পাদক | - | ১ জন |
| ৮) দপ্তর সম্পাদক | - | ১ জন |
| ৯) সমাজ কল্যাণ সম্পাদক | - | ১ জন |
| ১০) প্রচার ও প্রকাশনা সম্পাদক | - | ১ জন |
| ১১) সদস্য | - | ৯জন |

চলমান পাতা/৩

**খ) বিভাগীয় কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধি:**

১) নতুন বিভাগীয় কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের জন্য বিদ্যমান কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্তত: ১২০ দিন পূর্বে বিদ্যমান কমিটি কর্তৃক কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবের নিকট থেকে অনুমোদন গ্রহন করতে হবে।

২) কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবের অনুমোদন প্রাপ্তির পর বিদ্যমান বিভাগীয় কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্তত: ৯০দিন পূর্বে কমিটি ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন বোর্ড ও ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন আপীল বোর্ড গঠন করবেন।
তবে শর্ত থাকে যে, নির্বাচন বোর্ড বা নির্বাচন আপীল বোর্ডে বিদ্যমান কমিটির কোন সদস্য বা কোন নির্বাচনী প্রার্থী বা প্রার্থীর মনোনয়নকারী বা সমর্থনকারী অন্তর্ভূক্ত হতে পারবেন না।

৩) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড সংগঠনের সংঘ বিধির নির্বাচন সংক্রান্ত বিধানাবলী অনুসারে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান ও নির্বাচন পরিচালনার প্রয়োজনীয় অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ করবেন।

৪) কেবলমাত্র বিপিএইচসিডিএ'র সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন বৈধ সদস্যগণই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন এবং ভোট প্রদান করতে পারবেন।

৫) নির্বাচন বোর্ড কর্তৃক নিধারিত হারে ফি পরিশোধ করে নির্বাচনে অংশ গ্রহনের জন্য মনোনয়ন ফরম ক্রয় ও দাখিল করতে হবে। মনোনয়ন ফি বিপিএইচসিডিএ-এর সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির অফিসিয়াল ব্যাংক একাউন্ডে জমা দিতে হবে।

৬) সংশ্লিষ্ট বিভাগের সদস্যদের বার্ষিক সাধারণ সভায় গোপন ব্যালটের মাধ্যমে বিভাগীয় কমিটির ২১ সদস্য নির্বাচিত হবেন।

৭) বিভাগীয় বার্ষিক সাধারণ সভা ও বিভাগীয় কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনের তারিখ যথাসময়ে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবকে অবহিত করতে হবে।

৮) নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ফলফলের বিরুদ্ধে যদি কেহ আপীল বোর্ডের নিকট আপীল দায়ের করে তবে নির্বাচন আপীল বোর্ডের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯) নির্বাচন বোর্ড বা নির্বাচন আপীল বোর্ড কর্তৃক ঘোষিত ফলাফলের ভিত্তিতেই নতুন বিভাগীয় কমিটি গঠিত হবে।

১০) বিদ্যমান কমিটি কর্তৃক নবগঠিত কমিটি অনুমোদনের জন্য কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবের নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে।

১১) কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিব কর্তৃক অনুমোদনের পর নব গঠিত বিভাগীয় কমিটি বৈধতা লাভ করবে এবং অত:পর বিদ্যমান কমিটি যথাসময়ে নবগঠিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

**গ) বিভাগীয় কমিটি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক তাদের কার্যক্রম পরিচালনা করবেন।**

চলমান পাতা/৪

### ৩) বিপিএইচসিডিএ-এর জেলা কমিটি:

#### ক) জেলা কমিটির কাঠামো নিম্নরুপ:

১৬-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভা-২০২৫-এ অনুমোদিত সংঘ বিধি সংশোধনী অনুযায়ী জেলা কমিটি নিম্নোক্তভাবে ২১ সদস্য বিশিষ্ট হবে:

| | | |
|---|---|---|
| ১) সভাপতি | - | ১ জন |
| ২) সিনিয়ন সহ-সভাপতি | - | ১ জন |
| ৩) সহ-সভাপতি | - | ২ জন |
| ৪) সাধারন সম্পাদক | - | ১ জন |
| ৫) যুগ্ম-সাধারন সম্পাদক | - | ১জন |
| ৬) কোষাধ্যক্ষ | - | ১ জন |
| ৭) সাংগঠনিক সম্পাদক | - | ১ জন |
| ৮) দপ্তর সম্পাদক | - | ১ জন |
| ৯) সমাজ কল্যাণ সম্পাদক | - | ১ জন |
| ১০) প্রচার ও প্রকাশনা সম্পাদক | - | ১ জন |
| ১১) সদস্য | - | ১০ জন |

#### খ) জেলা কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধি:

১) নতুন জেলা কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন অনুষ্ঠানের জন্য বিদ্যমান জেলা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ১২০ দিন পূর্বে বিদ্যমান কমিটি বিভাগীয় কমিটির মাধ্যমে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবের নিকট থেকে অনুমোদ গ্রহণ করবেন।

২) কেন্দ্রীয় কমিটির সভাপতি/মহাসচিবের অনুমোদন প্রাপ্তির পর বিদ্যমান জেলা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্তত: ৯০দিন পূর্বে কমিটি ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন বোর্ড ও ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন আপীল বোর্ড গঠন করবেন।

তবে শর্ত থাকে যে, নির্বাচন বোর্ড বা নির্বাচন আপীল বোর্ডে বিদ্যমান কমিটির কোন সদস্য বা কোন নির্বাচনী প্রার্থী বা প্রার্থীর মনোনয়নকারী বা সমর্থনকারী অন্তর্ভূক্ত হতে পারবেন না।

৩) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড সংগঠনের সংঘ বিধির নির্বাচন সংক্রান্ত বিধানাবলী অনুসারে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান ও নির্বাচন পরিচালনার প্রয়োজনীয় অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ করবেন।

৪) কেবলমাত্র বিপিএইচসিডিএ'র সংশ্লিষ্ট জেলার আওতাধীন বৈধ সদস্যগণই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন এবং ভোট প্রদান করতে পারবেন।

৫) নির্বাচন বোর্ড কর্তৃক নিধারিত হারে ফি পরিশোধ করে নির্বাচনে অংশ গ্রহনের জন্য মনোনয়ন ফরম ক্রয় ও দাখিল করতে হবে। মনোনয়ন ফি বিপিএইচসিডিএ-এর সংশ্লিষ্ট জেলা কমিটির অফিসিয়াল ব্যাংক একাউন্টে জমা দিতে হবে।

৬) সংশ্লিষ্ট জেলার সদস্যদের বার্ষিক সাধারণ সভায় গোপন ব্যালটের মাধ্যমে জেলা কমিটির ২১ সদস্য নির্বাচিত হবেন।

চলমান পাতা/৫

৭) জেলার বার্ষিক সাধারণ সভা ও জেলা কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনের তারিখ যথাসময়ে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবকে অবহিত করতে হবে।

৮) নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ফলফলের বিরুদ্ধে যদি কেহ নির্বাচন আপীল বোর্ডের নিকট আপীল দায়ের করে তবে নির্বাচনী আপীল বোর্ডের রায় চূড়ান্ত বলে বিবেচিত হইবে।

৯) নির্বাচন বোর্ড বা নির্বাচন আপীল বোর্ড কর্তৃক ঘোষিত ফলাফলের ভিত্তিতেই নতুন জেলা কমিটি গঠিত হবে।

১০) বিদ্যমান কমিটি কর্তৃক নব গঠিত কমিটি অনুমোদনের জন্য বিভাগীয় কমিটির মাধ্যমে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিবের নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে।

১১) কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিব কর্তৃক অনুমোদনের পর নব গঠিত জেলা কমিটি বৈধতা লাভ করবে এবং এরপর বিদ্যমান কমিটি যথাসময়ে নবগঠিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

**গ) জেলা কমিটি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নির্দেশ মোতাবেক তাদের কার্যক্রম পরিচালনা করবেন।**

৪। এই নীতিমালার কোন ধারা বা উপধারা সংগঠনের সংঘ বিধির কোন বিধি বিধানের সহিত সাংঘর্ষিক হলে সংঘ বিধির বিধি-বিধানই অনুসরণ করতে হবে।

৫। কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বিভাগীয় কমিটি ও জেলা কমিটির মেয়াদ দায়িত্ব গ্রহনের তারিখ থেকে ৩ (তিন) বছর হবে।

৬। কোন ব্যক্তি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিব/কোষাধ্যক্ষ পদে আসীন থাকাকালীন একই সময়ে বিভাগীয় কমিটি ও জেলা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ পদে থাকতে পারবেন না।

৭। কোন ব্যক্তি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি কিংবা বিভাগীয় কমিটি কিংবা জেলা কমিটির কোন নির্দিষ্ট পদে ধারাবাহিকভাবে দুই মেয়াদের বেশি থাকতে পারবেন না। তবে এক মেয়াদে বিরতি দিয়ে পরবর্তীতে আবার সমপদে থাকতে পারবেন।

৮। বিপিএইচসিডিএ'র সদস্য ব্যতীত কেহ ভোটার হবেন না কিংবা কোন কমিটিতে থাকতে পারবেন না।

৯। কোন কারনে বিভাগীয় বা জেলা কমিটি বিলুপ্ত বা অকার্যকর হলে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি সংশ্লিষ্ট বিভাগে বা জেলায় এডহক কমিটি গঠন করতে পারবেন।

১০। এরূপ ক্ষেত্রে এডহক কমিটি দায়িত্ব গ্রহনের ৯০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নিয়মিত কমিটি গঠন করে গঠিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

১১। বিভাগীয় কমিটি বা জেলা কমিটির বিরুদ্ধে দূর্নীতির অভিযোগ প্রমানিত হলে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাহী আদেশ দ্বারা সংশ্লিষ্ট কমিটি বিলুপ্ত করতে পারবেন।

১২। সংগঠনের সংঘ বিধির বিধি বিধানের আলোকে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি সকল কার্যক্রম পরিচালনা করবেন।

১৩। সংগঠনের সার্বিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যে কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করার ক্ষমতা কার্যনির্বাহী কমিটির এখতিয়ারভুক্ত থাকবে।

| | | |
|---|---|---|
| ড. মোঃ আলী আকবর | ডাঃ এ এম শামীম | ডাঃ মোঃ মোসাদ্দেক হোসেন বিশ্বাস ডাম্বেল |
| সিইও | মহাসচিব | সভাপতি |
| বিপিএইচসিডিএ | বিপিএইচসিডিএ | বিপিএইচসিডিএ |

বিতরন:

১। সভাপতি/মহাসচিব, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি,বিপিএইচসিডিএ, ঢাকা।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল বিভাগীয় কমিটি, বিপিএইচসিডিএ।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল জেলা কমিটি, বিপিএইচসিডিএ।
৪। সকল সাধারন সদস্য, বিপিএইচসিডিএ।